



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com



স্মারক নং : মাউশিবোর্ড/পনি/পরীঃ/২০২২/৪০৬০(০৩)

তারিখ : ১৬/১০/২০২২ খ্রি.

বিষয় : অধ্যক্ষ মহোদয়গণকে নিজ প্রতিষ্ঠানের পরীক্ষকদের Admin হিসেবে রেজিস্ট্রেশনকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের এইচএসসি পরীক্ষার পরীক্ষক ও প্রধান পরীক্ষকদের রেজিস্ট্রেশন ও তথ্য হালনাগাদ চলছে। আপনার প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনকৃত তথ্য যাচাই-বাছাইয়ের জন্য আপনার Admin Panel থাকা প্রয়োজন। এজন্য Principal পদবি দিয়ে আপনার নামের একটি Profile রেজিস্ট্রেশন করা জরুরি। এ লক্ষ্যে আগামী ১০/১১/২০২২ তারিখের মধ্যে hsc-dbtp-2022.dinajpurboard.gov.bd/signup-এ প্রবেশ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে :

- ক) আপনার প্রতিষ্ঠানের সকল শিক্ষকগণ রেজিস্ট্রেশন করেছে কি-না তা জানতে পারবেন।
- খ) রেজিস্ট্রেশনকৃত শিক্ষকদের তথ্য সঠিক আছে কি-না তা জানতে পারবেন।
- গ) রেজিস্ট্রেশনকৃত শিক্ষকদের মধ্যে কেউ মৃত হলে তার তথ্য ডিলিট করতে পারবেন।
- ঘ) অন্য প্রতিষ্ঠানের শিক্ষক আপনার প্রতিষ্ঠানের নাম ব্যবহারকারী রেজিস্ট্রেশনকৃত শিক্ষককে ডিলিট করতে পারবেন।
- ঙ) আপনার প্রতিষ্ঠানে রেজিস্ট্রেশনকৃত শিক্ষক অন্যত্র বদলি হলে তার তথ্য ডিলিট করতে পারবেন।

Principal পদবি দিয়ে আপনার রেজিস্ট্রেশন সম্পন্ন হলে, আপনার প্রোফাইলে প্রবেশ করে Teachers List থেকে View/Edit/Delete অপশন ব্যবহার করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবেন। আপনি নিজেও এই প্রোফাইল থেকে পরীক্ষক ও প্রধান পরীক্ষক নির্বাচিত হতে পারবেন। তবে 'স্কুল এন্ড কলেজ' এরূপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে ভারপ্রাপ্ত অধ্যক্ষগণ কলেজ পর্যায়ের আবেদনের ক্ষেত্রে অধ্যক্ষ হিসেবে Profile খুলবেন, কিন্তু কলেজ পর্যায়ের উত্তরপত্র গ্রহণ করবেন না। পূর্বের অধ্যক্ষ মহোদয় (বদলি/অবসর হলে) প্রোফাইল খুললেও আপনি প্রিন্সিপাল হিসেবে নতুন করে রেজিস্ট্রেশন করে পূর্বের প্রিন্সিপাল-এর প্রোফাইলটি Teachers List থেকে ডিলিট করবেন।

আপনার প্রতিষ্ঠানের সকল শিক্ষককে আপনার মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করার অনুরোধ করা হলো। আপনার প্রতিষ্ঠানের অধীন কোন ভূঁয়া শিক্ষক রেজিস্ট্রেশনকৃত থাকলে এবং পরীক্ষক হিসেবে নিযুক্ত হলে সৃষ্ট জটিলতার জন্য তার দায়দায়িত্ব আপনাকে নিতে হবে।


আপনার সহযোগিতা একান্ত কাম্য।

অধ্যক্ষ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে বিতরণ-

- ০১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০৩। Website কপি।
- ০৪। নোটিশ বোর্ড।


২৩/১০/২০২২
প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর